



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।



কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, E.I.N : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭

e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 02997752601

তারিখ: ১৬/০২/২০২২ খ্রি.

ভর্তির সংশোধিত বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট জমা না নেয়া প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং : বিবিধ/কলেজ/২০২০/৩১৭

তারিখ : ১৫/০২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল এর ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছুক ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০২/২০২২ খ্রি. হতে ২৪/০২/২০২২ খ্রি. পর্যন্ত বোর্ড কর্তৃক প্রেরিত তালিকা মোতাবেক অনলাইনে ভর্তি কার্যক্রম চলবে। ভর্তির সময় ০৯/০২/২০২২ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি অনুসারে অনলাইনে কার্যক্রম শেষে নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ কলেজে নির্দিষ্ট বুথে সামাজিক দুরত্ব বজায় রেখে জমা দিতে হবে। কাগজপত্র জমা দেয়ার পর ডিজিটাল উপস্থিতির জন্য ফেইজ সংযুক্ত করে ভর্তি সম্পন্ন করতে হবে।

ভর্তির সময় যা সঙ্গে আনতে হবে :

- ১। মাধ্যমিক/সমমান পরীক্ষার মূল প্রবেশপত্র ও মূল রেজিস্ট্রেশন কার্ড (মূল ট্রান্সক্রিপ্ট জমাদেয়ার পর ফেরত নিতে পারবে)।
- ২। প্রতিষ্ঠান প্রধানের প্রশংসা পত্রের ফটোকপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও মূল ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি ২টি করে।
- ৩। ৪ কপি পার্সপোর্ট সাইজের রসিদ ছবি ব্যাক গ্রাউন্ড সাদা কলেজ ইউনিফর্ম পরিহিত(সাদা কামিজ, সাদা ওড়না ও সাদা সেলোয়ার)
- ৪। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে (মুক্তিযোদ্ধা কমান্ডারের সম্পর্কের প্রত্যয়নপত্র), শিক্ষা কোটার প্রত্যয়ন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
- ৫। জন্ম নিবন্ধনের ০১(এক) কপি ফটোকপি।
- ৬। পিতা, মাতার জাতীয় পরিচয়পত্রের (স্পষ্ট) ০১ (এক) কপি ফটোকপি।

বিদ্র: ছবি ও অন্যান্য কাগজপত্র সত্যায়িত করার প্রয়োজন নেই।


অন্যান্য কর্মসূচী:

- ১। মাস্ক পরিধান বাধ্যতামূলক।
- ২। স্বাস্থ্যবিধি মেনে লাইনে (৩ ফুট দূরত্বে) দাড়িয়ে ভর্তিকার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ৩। দ্বিতীয় গেটের ভিতরে কোন অভিভাবক প্রবেশ করতে পারবে না।

অতএব স্বাস্থ্যবিধি মেনে সংশ্লিষ্ট সকলকে ভর্তিকার্যক্রমে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।


ভারপ্রাপ্ত অধ্যক্ষ

কুমুদিনী সরকারি কলেজ
টাঙ্গাইল।


স্বাক্ষর

একাদশ শ্রেণির ভর্তি কমিটি/২০২২
কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।